


# গির্জার ঘোষণা

## ৩০ মার্চ ২০২৫

১. রেভারেন্ড ফাদার ফ্যাবিও অ্যাটার্ড ডন বোস্কোর সেলসিয়ান সমাজের নতুন সুপিরিয়র জেনারেল হিসেবে ইতালির তুরিনে তাদের চলমান জেনারেল চ্যাপ্টারে নির্বাচিত হয়েছেন। তিনি বিশ্বব্যাপী সেলসিয়ান সোসাইটির প্রধান হিসেবে সেন্ট জন বসকোর ১১তম উত্তরসূরি। সেলসিয়ান সমাজে আছেন ১৩,৭৫০ সদস্যরা, ১৩৬টি দেশে। ফাদার ফ্যাবিও অ্যাটারডের এবং তাঁর ঘনিষ্ঠ সহকর্মীদের জন্য আপনাদের প্রার্থনা কামনা করা হচ্ছে।

২. আগামী শনিবার, ৫ই এপ্রিল আমাদের প্যারিশ চার্চে সকাল ৯.০০ টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত ইংরেজিতে একটি লেন্টেন রিট্রিট অনুষ্ঠিত হবে। রেজিস্ট্রেশন শুরু হবে সকাল ৮.৩০ টা থেকে। পঞ্চম শ্রেণীর পর থেকে অধ্যয়নরত সকল ক্যাটেকিসম ছাত্র ছাত্রীদের এবং যুবকদের যোগদানের জন্য অনুরোধ করা হচ্ছে।

৩. কলকাতার ফাতিমা প্যারিশ-এ ৫ ও ৬ এপ্রিল বাংলা ও হিন্দি ভাষায় লেন্টেন রিট্রিট অনুষ্ঠিত হবে। যারা আমাদের প্যারিশ-এ বাংলা বা হিন্দি রিট্রিট করতে পারেননি, তারা এই সুযোগটিও কাজে লাগাতে পারেন তাদের লেন্টেন রিট্রিট করার জন্য।

৪. সঞ্জীবনী কৃষ্ণনগরে ডন বোস্কোর সেলসিয়ানরা এবং সেবা কেন্দ্রে কলকাতা আর্চডায়োসিস কর্তৃক বৃত্তিমূলক নির্দেশিকা শিবির **(Vocational Guidance Camp)** আয়োজন করা হচ্ছে। এই শিবিরগুলি এই বছর দশম শ্রেণী এবং দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষায় অংশগ্রহণকারী ছেলে এবং মেয়েদের জন্য। শিবিরগুলি যথাক্রমে ৩ থেকে ৫ এপ্রিল এবং ৪ থেকে ৬ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হবে। যারা যোগদান করতে আগ্রহী তারা ৩১শে মার্চ এর মধ্যে প্যারিশ প্রীস্টের সাথে যোগাযোগ করতে পারেন।

৫. জুবিলি ২০২৫ উদযাপনের অংশ হিসেবে, ১১ই এপ্রিল, গুড ফ্রাইডের আগের শেষ শুক্রবার, প্যারিশে সকাল ৭.৩০ টা (পবিত্র খ্রিষ্টযাগের পরে) থেকে বিকাল ৪.৩০ টা (ক্রুসের পথ শুরু না হওয়া পর্যন্ত) পর্যন্ত পবিত্র সাক্রামেন্তের একটি শৃঙ্খল আরাধনা অনুষ্ঠিত হবে। জোনাল নেতারা এবং প্যারিশ প্যাস্টোরাল কাউন্সিলের সদস্যদের প্রতি গ্রুপে এক ঘন্টা আরাধনার জন্য আপনার অঞ্চল/গ্রুপ থেকে দল সংগ্রহ করার জন্য অনুরোধ করা হচ্ছে। সময়সূচীটি জোনাল নেতারা এবং হোয়াটসঅ্যাপের মাধ্যমে সকলকে অবহিত করা হবে।

৬. ৬ই এপ্রিল রবিবার, প্যারিশ প্যাস্টোরাল কাউন্সিল এবং জোনাল নেতাদের একটি জয়েন্ট সভা বিকেল ৪.৩০ টায় অনুষ্ঠিত হবে।